

Memo No. DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2014/036

তারিখ: ২৫ পৌষ ১৪২০ বঙ্গাব্দ
08 January 2014

অফিস আদেশ

[Handwritten signature]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) এর চাকুরী বিধি অনুযায়ী চুক্তিভিত্তিতে কর্মরত প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর বিগত ০১ (এক) বছরের কর্মমূল্যায়ন রেটিং এর উপর ভিত্তি করে পরবর্তী মেয়াদে চাকুরীর সময়সীমা বর্ধিতকরণ এবং বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হয়ে থাকে। চুক্তিভিত্তিতে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীর চাকুরীর মেয়াদ বর্ধিতকরণ ও বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রক্রিয়া সহজীকরণের নিমিত্তে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) চুক্তিভিত্তিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীর মেয়াদ পঞ্জিকা বছরের যে তারিখে উত্তীর্ণ হবে তার পূর্ববর্তী পঞ্জিকা বছরের কর্মমূল্যায়ন রেটিং এর উপর ভিত্তি করে পরবর্তী মেয়াদে চাকুরীর সময়সীমা বর্ধিত করা হবে। তবে চলতি পঞ্জিকা বছরের কর্মমূল্যায়ন রেটিং ৬০ এর নীচে হলে সেক্ষেত্রে তাৎক্ষণিকভাবে তাঁর চাকুরীর মেয়াদ বর্ধিত না হবার বিষয়ে অফিস আদেশ জারী করা হবে।
- খ) চুক্তিভিত্তিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চুক্তিকালীন মেয়াদ বলবৎ থাকাকালীন সময়ে তাঁদের বার্ষিক বেতন প্রবৃদ্ধি স্বয়ংক্রিয়ভাবে (Automatically) প্রাপ্য হবেন। তবে কর্মকর্তা/কর্মচারীর কোন পঞ্জিকা বছরের কর্মমূল্যায়ন রেটিং ৬০ এর নীচে অথবা কারণ বিরুদ্ধে বেতন প্রবৃদ্ধি স্থগিত সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হলে সেক্ষেত্রে তাঁকে প্রদেয় বার্ষিক বেতন প্রবৃদ্ধি বাতিল করে অফিস আদেশ জারীর মাধ্যমে প্রদত্ত অর্থ সমন্বয় করা হবে।
- গ) চুক্তিভিত্তিতে নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে অবশ্যই প্রথম বৎসরের কর্মমূল্যায়নের ভিত্তিতে পরবর্তী মেয়াদে চাকুরীর সময়সীমা বর্ধিত করা সহ বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।

এই আদেশ বিগত ১৮/১২/২০১৩ইং তারিখ হতে কার্যকর হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

[Handwritten signature]
১৮/১২/১৪

৫। (মোঃ সফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। ব্যবস্থাপনা পরিচালক।
- ২। নির্বাহী পরিচালক (প্রশাসন/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/সংগ্রহ/অর্থ ও হিসাব)।
- ৩। প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন/নেটওয়ার্ক অপারেশন/পিএন্ডডি/ডিএন্ডপি)/মহাব্যবস্থাপক (সংগ্রহ)।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পি এন্ড ডি/ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড স্টোরস/প্রকিউরমেন্ট, ইন্সপেকশন এবং টেস্টিং/ডেভেলপমেন্ট এন্ড মিটার প্ল্যান্ট/আইসিটি/সাবস্টেশন এন্ড নেটওয়ার্ক/এস এন্ড ডি অপারেশন/উত্তরা জোন)/প্রশাসন/প্রজেক্ট/অর্থ/এস এন্ড ডি অপারেশন (গুলশান/মিরপুর জোন)/কোম্পানী সচিব/উপ-মহাব্যবস্থাপক (এইচ আর এম/ ইন্টারনাল অডিট/হিসাব)।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (পল্লবী/টঙ্গী পশ্চিম/কাফরুল/উত্তরা (পূর্ব)/গুলশান/শাহআলী/ টঙ্গী (পূর্ব)/বারিধারা/রূপনগর/দক্ষিণখান/আগারগাঁও/মনিপুর/উত্তরখান/বাড্ডা/উত্তরা (পশ্চিম)/জোয়ার সাহারা)/মনিটরিং সেল/সেন্ট্রাল স্টোর/ গ্রীড এন্ড প্রটেকশন/মিটার প্ল্যান্ট/এমডি এসএস এমসি/টেস্টিং এন্ড রিপেয়ারিং)/ব্যবস্থাপক (সাব-স্টোর)।
- ৬। অফিস কপি/মাষ্টার কপি।

[Handwritten signature]